গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ওসমানীনগর, সিলেট
http://food.osmaninagar.sylhet.gov.bd

স্মারক নং- ১৩.০১.৯১১৩.১০৫.০২.০০১.২৫-৩০ তারিখ: ১৩/০২/২০২৫ খ্রি.

## ওসমানীনগর উপজেলায় খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের ১৪ অক্টোবর ২০২৪ খ্রি. তারিখের ১৩.০০.০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ নং স্মারকে জারিকৃত খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা'২০২৪ খ্রি. ও খাদ্য মন্ত্রনালয়ের ১৪ অক্টোবর ২০২৪ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ নং পরিপত্র মোতাবেক খাদ্যবান্ধব কর্মসূচি পরিচালনার জন্য ওসমানীনগর উপজেলার নিম্নোক্ত বিক্রয় কেন্দ্র সমূহে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। ওসমানীনগর উপজেলার ইউনিয়ন সমূহের স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে আগামী ২৪ ফেব্রুয়ারী ২০২৫ খি. তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ওসমানীনগর, সিলেট এর বরাবর আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | ইউনিয়ন | উপকারভোগীর সংখ্যা | বিক্রয় কেন্দ্র | ক্র: নং | ইউনিয়ন | উপকারভোগীর সংখ্যা | বিক্রয় কেন্দ্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | উমরপুর | ১৭৩ | লামাইবশপুর | ৫ | গোয়ালাবাজার | ১৮১ | গোয়ালাবাজার |
| ২ | সাদিপুর | ২১৯ | সাদিপুর বাজার | ৬ | তাজপুর | ২০০ | তাজপুর বাজার |
| ৩ | পশ্চিম পৈলনপুর | ৯৬ | বড় হাজীপুর বাজার | ৭ | দয়ামির | ২১৫ | দয়ামির বাজার |
| ৪ | বুরুঙ্গা বাজার | ১২০ | পীরের বাজার | ৮ | উছমানপুর | ২০৯ | মোকামবাজার |

**শর্তসমূহঃ**

ক) বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে ওসমানীনগর উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন নাগরিক আবেদন করতে পারবেন।

খ) আবেদনকারীর নির্ধারিত বিক্রয় কেন্দ্রে নিজস্ব/ভাড়ায় দোকান থাকতে হবে।

গ) আবেদনকারীকে খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।

ঘ) ডিলার নিয়োগে আগ্রহী ব্যক্তিকে নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে।

ঙ) আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।

চ) আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনের) মেট্রিক টন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।

ছ) আবেদনকারী আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণের সক্ষম হতে হবে এবং আবেদনকারীর ট্রেড লাইসেন্স থাকতে হবে।

জ) খাদ্য অধিদপ্তর কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কোন ব্যক্তি বা প্রতিষ্টানকে ডিলার নিয়োগ করা যাবে না।

ঝ) একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।

ঞ) কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।

ট) নির্বাচিত ডিলারকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামনত (পে-অর্ডার) প্রদান করতে হবে।

ঠ) নির্ধারিত শর্তাবলী সম্বলিত ৩০০/- টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

ড) খাদ্যবান্ধব ডিলারের মেয়াদ ০৫ (পাঁচ) বছর।

ঢ) বর্তমানে নিয়োজিত ডিলারগণ খাদ্যবান্ধব কর্মসূচির নীতিমালা ২০২৪ অনুসারে খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন।

ণ) কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

ত) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

থ) একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক ডিলার প্রার্থী হলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে।

**আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সমূহ সংযুক্ত করতে হবেঃ-**

| | |
|---|---|
| ১। পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি। | ৫। জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি। |
| ২। ফুডগ্রেইন/খাদ্যশস্য লাইসেন্স এর ফটোকপি। | ৬। নাগরিক সনদপত্রের ফটোকপি। |
| ৩। ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র। | ৭। অঙ্গীকার নামা। |
| ৪। দোকান মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি । | ৮। ট্রেড লাইসেন্স এর ফটোকপি। |

১৩/০২/২৫
(রিপন রায়)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
ওসমানীনগর, সিলেট।